গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
(সংস্থাপন শাখা)
www.natore.gov.bd

নম্বর : ০৫.৪৩.৬৯০০.০০৭.১১.০০৬.২৫. ৬২১

তারিখ : ২০ ভাদ্র ১৪৩২
০৪ সেপ্টেম্বর ২০২৫

# নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী গবেষণা ইউনিট-এর ০১ সেপ্টেম্বর ২০২৫ তারিখের ০৫.০০.০০০০.০০০.২১২.১১. ০০০৯.২৫.৭৩ নম্বর স্মারকে প্রাপ্ত ছাড়পত্রের প্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর ও এর অধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহে সাধারণ প্রশাসনের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত নাটোর জেলার স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে Online-এ (ওয়েবসাইটে https://dcnatore.teletalk.com.bd) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১। | কম্পিউটার অপারেটর | ০১ (এক) টি | ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী ; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test-এ উত্তীর্ণ হতে হবে। |
| ২। | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৬ (ছয়) টি | ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা ;<br>(গ) স্প্রেডসিট ও প্রেজেন্টেশন-এ দক্ষতা ; এবং<br>(ঘ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতি সম্পন্ন হতে হবে। |
| ৩। | বেঞ্চ সহকারী | ০১ (এক) টি | ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা ;<br>(গ) স্প্রেডসিট ও প্রেজেন্টেশন-এ দক্ষতা ; এবং<br>(ঘ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতি সম্পন্ন হতে হবে। |

## শর্তাবলী :

১. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক ও নাটোর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
২. প্রার্থীর বয়সসীমা ২১/১০/২০২৫ তারিখে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়। এছাড়া বয়সসীমা সংক্রান্ত অন্যান্য বিধি-বিধান প্রযোজ্য হবে।
৩. বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।
৪. বিভাগীয়/চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে লিখিত অনাপত্তি গ্রহণ করে নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে। উক্ত অনাপত্তিপত্র মৌখিক পরীক্ষার সময় সাক্ষাৎকার বোর্ডের নিকট দাখিল করতে হবে। বিভাগীয়/চাকরিরত প্রার্থীর আবেদনের কোনো অগ্রিম কপি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।
৫. **লিখিত এবং ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত** কাগজপত্রাদির মূলকপি **উপস্থাপন/দাখিল করতে হবে :**

ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy);
খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র/সাময়িক সনদপত্র;
গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ;
ঘ) জাতীয় পরিচয়পত্র বা জন্ম সনদ; জাতীয় পরিচয়পত্রের মূলকপি অবশ্যই মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে। তবে যাদের জাতীয় পরিচয়পত্র এখনও হয়নি তাদের ইউনিয়ন পরিষদ/পৌরসভা কর্তৃক প্রদত্ত জন্মনিবন্ধন সনদ মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে ;

ঙ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সন্তানের পিতা/মাতা অথবা পিতা/মাতার মুক্তিযোদ্ধার সনদপত্র;

চ) প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;

ছ) অন্যান্য কোটায় নিয়োগ প্রাপ্তির আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটার জন্য সরকার কর্তৃক নির্ধারিত সনদ/প্রমাণক;

জ) চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনুমতিপত্র;.

ঝ) প্রশিক্ষণের সনদপত্র;

ঞ) অভিজ্ঞতার সনদ (যদি থাকে) ;

৬. নিয়োগের ক্ষেত্রে সরকারী সকল বিধি-বিধান এবং কোটা সম্পর্কিত প্রচলিত সর্বশেষ সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

৭. ক্রমিক নং ০১ পদের ক্ষেত্রে সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা ২০১৯ এবং ০২ হতে ০৩ পর্যন্ত পদের ক্ষেত্রে জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা ২০২০ (সংশোধিত ২০২৪) এর আলোকে অনুসরণ করা হবে।

৮. মৌখিক পরীক্ষার সময় নিয়োগ বিজ্ঞপ্তিতে ও আবেদনপত্রে উল্লিখিত সকল সনদ ও কাগজপত্রের সত্যায়িত ০১ (এক) সেট ফটোকপি মৌখিক পরীক্ষা গ্রহণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবি এবং সিল থাকতে হবে।

৯. অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। নিয়োগ প্রক্রিয়ার যেকোনো পর্যায়ে কোনো প্রার্থী অসদুপায় অবলম্বন করলে তার প্রার্থিতা/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে। সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০. আবেদনপত্র গ্রহণ/বাতিল ও নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনো আপত্তি উত্থাপন করা যাবে না।

১১. কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং এ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১২. কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলি পরিবর্তন, সংযোজন, বিয়োজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৩. নির্বাচনি পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন টি.এ/ডি.এ দেয়া হবে না।

১৪. **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী :**

(ক) আগ্রহী প্রার্থীগণ https://dcnatore.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ :

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ২১ সেপ্টেম্বর ২০২৫ খ্রি. সকাল ১০:০০ টা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : ২১ অক্টোবর ২০২৫ খ্রি. রাত ১১:৫৯ টা।

(iii) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদন জমাদানের সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে যেকোনো Teletalk Pre-paid মোবাইল নম্বর হতে SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

(গ) Online আবেদনে পূরণকৃত তথ্যই পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে। সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দেবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান** : Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক সাম্প্রতিক তোলা ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy-তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় আবেদন করতে পারবেন। উল্লেখ্য, আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy-তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোডপূর্বক নিশ্চিত হয়ে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন।

Applicant's Copy-তে একটি User ID থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোনো Teletalk Pre-paid মোবাইল নম্বর হতে ০২ (দুই)টি SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk-এর SMS সার্ভিস চার্জ (কমিশন) বাবদ ১২/- (বারো) টাকাসহ সর্বমোট ১১২/-(একশত বারো) টাকা (অফেরতযোগ্য) পরবর্তী ৭২ ঘণ্টার মধ্যে জমা দেবেন। তবে সকল পদের অনগ্রসর (শারীরিক প্রতিবন্ধী, তৃতীয় লিঙ্গ এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী) নাগরিকদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা এবং টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ০৬ (ছয়) টাকাসহ অফেরতযোগ্য মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা আবেদন Submit করার পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

**নিয়মাবলী :**

প্রথম SMS : dcnatore <space> User ID লিখে 16222 নম্বরে Send করতে হবে।
Example : dcnatore <space> ABCDEF send to 16222
Reply : Applicant's Name.Tk.112/- will be charged as application fee.Your PIN is 12345678. To pay fee Type dcnatore <space> YES <space> PIN and send to 16222.

দ্বিতীয় SMS : dcnatore <space> YES <space> PIN লিখে 16222 নম্বরে send করতে হবে।
Example : dcnatore YES 12345678 Send to 16222.
Reply : Congratulation Applicant's Name payment completed successfully for DCNATORE Application for xxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxxxx).

(চ) Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সংরক্ষণ ও সচল রাখতে হবে। SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS-এর মাধ্যমে প্রাপ্ত User ID এবং Password টি ভবিষ্যৎ প্রয়োজনের নিমিত্ত সংরক্ষণ করতে হবে। SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র Download পূর্বক রঙিন প্রিন্ট করে নিতে হবে। প্রার্থীকে প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়, লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

(জ) প্রবেশপত্র সংগ্রহের বিষয়টি https://dcnatore.teletalk.com.bd অথবা জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর-এর www.natore.gov.bd তথ্য বাতায়নে পাওয়া যাবে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে যোগ্য প্রার্থীদের যথাসময়ে জানানো হবে। শুধু Teletalk Pre-Paid মোবাইল নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে : dcnatore <space> Help <space> User <space> UserID send to 16222.
Example : dcnatore Help User ABCDEF & send to 16222
(ii) PIN জানা থাকলে : dcnatore <space> Help <space> PIN <space> PIN No & send to 16222.
Example : dcnatore Help PIN 12345678 & send to 16222

(ঝ) অনলাইনে আবেদন ও টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোনো মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(ঞ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর এর ওয়েবপোর্টাল www.natore.gov.bd এবং https://dcnatore.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.natore.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ট) Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে, যেকোনো টেলিটক মোবাইল নম্বর থেকে ১২১ নম্বর অথবা alljobs.query@teletalk.com.bd বা dcnatore@mopa.gov.bd ই-মেইল-এ যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে (Mail/মেসেজ এর subject-এ Organization Name : DCNATORE, Post Name :……, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

বি:দ্র: শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

(আসমা শাহীন)
জেলা প্রশাসক
নাটোর
ফোন : (+৮৮) ০২৫৮৮৮৭৩৭৪১
ই-মেইল : dcnatore@mopa.gov.bd

নম্বর : ০৫.৪৩.৬৯০০.০০৭.১১.০০৬.২৫-৬২৯ (২০০)

তারিখ : ২০ ভাদ্র ১৪৩২
০৪ সেপ্টেম্বর ২০২৫

অনুলিপি : সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ।

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী ।
৫. জেলা প্রশাসক ...................................................... (সকল)
৬. পুলিশ সুপার, নাটোর।
৭. সিভিল সার্জন, নাটোর।
৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নাটোর।
৯. উপপরিচালক, স্থানীয় সরকার, নাটোর।
১০. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/(উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা)/ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নাটোর।
১১. প্রশাসক.......................................পৌরসভা.............,...... নাটোর (বিজ্ঞপ্তিটি তার অফিস নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।
১২. উপজেলা নির্বাহী অফিসার, নাটোর সদর/সিংড়া/বড়াইগ্রাম/গুরুদাসপুর/লালপুর/বাগাতিপাড়া/নলডাঙ্গা, নাটোর (বিজ্ঞপ্তিটি তার অফিস নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।
১৩. নেজারত ডেপুটি কালেক্টর/রেভিনিউ ডেপুটি কালেক্টর/ভূমি অধিগ্রহণ কর্মকর্তা/জেনারেল সার্টিফিকেট অফিসার/ ট্রেজারী অফিসার/সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার ........................................ (সকল), জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর।
১৪. সহকারী কমিশনার (ভূমি), নাটোর সদর/সিংড়া/বড়াইগ্রাম/গুরুদাসপুর/লালপুর/বাগাতিপাড়া/নলডাঙ্গা, নাটোর (বিজ্ঞপ্তিটি তার অফিস নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।
১৫. সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোডের জন্য) ।
১৬. জেলা তথ্য অফিসার, নাটোর (বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।
১৭. ডিস্ট্রিক্ট একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, নাটোর।
১৮. উপজেলা হিসাব রক্ষণ অফিসার, নাটোর সদর/সিংড়া/বড়াইগ্রাম/গুরুদাসপুর/লালপুর/বাগাতিপাড়া/নলডাঙ্গা, নাটোর।
১৯. ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স (১১তলা), হোল্ডিং # ৩/এ, ৫/এ, ৭/এ রোড # ১৭, গুলশান-১, ঢাকা-১২১৭।
২০. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, নাটোর।
২১. প্রশাসনিক কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর।
২২. সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক.................................................................................................। তাকে উল্লিখিত বিজ্ঞপ্তিটি সাপ্তাহিক ছুটির দিন ব্যতিত........................তারিখের মধ্যে শুধুমাত্র ০১ (এক) দিনের জন্য ৪"x১০" আকারে পত্রিকার ভিতরের পাতায় সিঙ্গেল স্পেসে (৯ ফন্টে) প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো। প্রকাশিত পত্রিকার ২ (দুই) কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
২৩. ওয়েবসাইট/নোটিশ বোর্ড ।

০৮/০৯/২৫
জেলা প্রশাসক
নাটোর